W.B.P.FORM NO. 27

# FIRST INFORMATION REPORT

1461

First information of a cognizable crime reported under section 154 Cr. P.C., at P.S.

1. Dist. Baukura Sub-Divn. Khatra P.S. Khatra Year 2017 FIR No. 74/17 Date 02.12.1

2. (i) Act I.P.C. Sections 341/323/325/379/506/(ii) Act 34 × Sections ×

   (iii) Act × Sections × Other Acts & Sections

3. (a) General Diary Reference : Entry No. 66 Dt 02.12.17 Time 20:05 h.

   (b) Occurrence of Offence : Day Wednesday Date 22.11.17 Time 12:00 h.

   (c) Information Received Date 02.12.17 Time 20:05 h.

   G.D. No. 66 Dt- 02.12.17. At the Police Station:

4. Type of information : Written / ~~Oral~~ Written

5. Place of Occurrence : (a) Direction and Distances from P.S. 1 Km South J.L NO. 192 Anchal No- X(1)

   (a) Address Near Kamala Cinima Hall Khatra. P.S Khatra. Dist- Baukura.

   (b) In case outside limit of this Police Station, then the name of P.S.

   District

6. Complaint/Informant :

   (a) Name Gita Sen ~~Wt~~

   (b) Father's / Husband's Name W/o Lt Kanai ch Sen

   (c) Date / Year of Birth not noted

   (d) Nationality Indian.

   (e) Address Vill- Khatra Joldabra P.S Khatra Dist- Baukura.

7. Details of Know / Suspected / Unknown / Accused with full particulars.
   (Attach separate sheet, if necessary) (1) Gobinda Sen @ Subrojit/ S/o Lt Rajendra Sen @ Rajen. (2) Jishnu Sen S/o Gobinda Sen (3) Bish S/o Gobinda Sen, all of Khatra P.S Khatra Dist- Baukura.

8. Reasons for delay in reporting by complaint / informant

9. Particulars of properties stolen / Involved : (attach separate sheet, if required) :

10. Total value of Properties stolen / Involved :

11. Inquest report / U.D. : Case No., If any :

12. FIR Contents : (Attach separate sheet, if required) The original written Complainant is treated as F.I.R is attached here

13. Action taken : Since the above report reveals commission of offence(s) u/s 341/323/325/379/506/3

registered the case and took up the investigation / directed ASI Basanta Ghosh ... Mondal. to take up the investigatio

transferred to P.S. On point of jurisdiction. FIR read over to the complaint/ informan admitted to be correctly recorded and a copy given to the complaint / Informant free of cost.

02.12.17.

Signature of the officer-incharge, Police Station wit

Name : ANAL KANTI GHOSH HAZR

Rank : SI OF POLICE

Number if any : KHATRA P.S.

Signature/ Thumb Impression of the Complainant/ Informant

Received on 02.12.17 at 20:05h and started Khatra P.S Case No-74/17 Dt- 02.12.17. u/s- 341/323-325/379/506/34 IPC.

02.12.17
Inspector-in-charge
Khatra Police Station
BANKURA

# In the Court of the Ld. A.C.J.M at Khatra

**Ref:- MP Case No- 37/2017**

**বাদীনি ঃ-**

শ্রীমত্যা গীতা সেন স্বামী ˆ কানাইচন্দ্র সেন সাং- খাতড়া (জলডোবরা) পোঃ ও থানা- খাতড়া জেলা- বাঁকুড়া

**ব না ম**

**আসামীগন ঃ-**

১) শ্রী গোবিন্দ সেন @ সুভজিৎ পিতা ˆ রাজেন্দ্র সেন @ রাজেন

২) শ্রী যিষ্ণু সেন

৩) বিষ্ণু সেন উভয়েরপিতা গোবিন্দ সেন সর্ব্বসাং- খাতড়া, পোঃ ও থানা- খাতড়া জেলা- বাঁকুড়া

***ফৌজদারী কার্য্যবিধি আইনের ১৫৬(৩) ধারা মতে দরখাস্ত ঃ-***

বাদীনির বিনীত নিবেদন এই যে বাদীনির পুত্র শ্রী শেখর সেন গোদরেজ কোম্পানির এজেন্টের কাজে নিযুক্ত সেই সুবাদে খাতড়া বাজারে বিভিন্ন দোকানে মালপত্র দেয় ও টাকা পয়সা আদায় করে। গত ইং ২২/১১/২০১৭ তারিখ বেলা ১২টা নাগাদ খাতড়া কমলা সিনেমার হলের সন্নিকটে গোদরেজ কোম্পানির লোকের সাথে স্যাক্ষ্যাৎ হওয়ায় তাহাদের সহিত কথাবার্তা বলে। সেই সময় পূর্ব আক্রোশ বশত উক্ত আসামীগন পূর্ব পরিকল্পিত ভাবে অসৎ উদ্দেশ্য নিয়ে বাদীনির ছেলেকে অশ্র্যাব্য ভাষায় গালিগালাজ আরম্ভ করে তাহাতে বাদীনির ছেলে প্রতিবাদ করিলে উক্ত ২ ও ৩ নং আসামিরা বাদীনির ছেলেকে ঝাপটে ধরে মাটিতে আছাড় মারে এবং শ্বাসরোধ করে প্রানে শেষ করার উদ্দেশ্যে উক্ত ৩ নং আসামী বাদীনির ছেলের বুকের উপর চেপে বসে গলা টিপে ধরে। সেই সময় ১ ও ২ নং আসামীরা বাদীনির ছেলের মুখে কানে এবং শরীরের বিভিন্ন অঙ্গে কিল চড় লাথি ঘুষি মারতে থাকে। তাহাতে বাদীনির ছেলের ডান কানে রক্ত বের হয়। এমতাবস্থায় বাদীনির ছেলের আর্তনাদ চিৎকারে সন্নিকটের পথচারী মহাদেব সেন পিতা ভূবন মোহন সেন সাং- খাতড়া পুরানো বাজার পোঃ ও থানা- খাতড়া জেলা- বাঁকুড়া ও

Court of A.C.J.M.
Filed
1 DEC 2015
Khatra, Bankura

জয়দেব দত্ত পিতা আদিত্য কুমার দত্ত সাং- খাতড়া (জলডোবরা) পোঃ ও থানা- খাতড়া জেলা- বাঁকুড়া বাদীনির ছেলেকে তাদের কবল থেকে উদ্ধার করে। প্রকাশ থাকে যে বাদীনির ছেলের সাইড ব্যগে থাকা নগদ ১৫,০০০/- (পনের হাজার) টাকা ও বেশ কিছু মূল্যবান কাগজপত্রাদি ছিল সেই ব্যাগটিকে ছিনিয়ে নিয়ে প্রাননাষের হুমকি দিতে দিতে আসামীগন পালিয়ে যায়। পাশাপাশি লোকজনদের সহযোগিতায় বাদীনির ছেলেকে খাতড়া হাসপাতালে ভর্ত্তি করা হয়। বাদীনির ছেলে বর্তমানে খাতড়া হাসপাতালে চিকিৎসাধীন ও বাদীনির ছেলের ডান কানটি সম্পূর্ন ভাবে অচল অর্থাৎ শুনতে পাচ্ছে না। উপরোক্ত ঘটনাটি স্থানীয় খাতড়া থানায় লিখিত আকারে জানাতে গেলে পুলিশ কর্তৃপক্ষ নিজেদের মধ্যে আপস মীমাংশা করে নেওয়ার পরামর্শ দিয়ে আমার ছেলের চিকিৎসার খরচাদি ব্যবস্থা করে দেওয়ার প্রলোভন দিয়ে থানা থেকে বাদীনিকে ফেরৎ পাঠিয়ে দেয়। এমতাবস্থায় নিরুপায় হইয়া বাদীনি মাননীয় S.P. বাঁকুড়া মহাশয়কে Regd. ডাকযোগে উপরোক্ত ঘটনাটি লিখিত আকারে জানায়। কিন্তু অদ্যাবিধি কোন আইনী সুরাহা না পাইয়া বাদীনি নিরুপায় হইয়া হুজুর আদালত সমীপে অত্র দরখাস্ত আনয়ন করিতে বাধ্য হইলেন।

## প্রার্থনা

উপরোক্ত দরখাস্তটি ফৌজদারী কার্য্যবিধি আইনের ১৫৬(৩) ধারা মতে F.I.R. গন্য পূর্ব্বক O/C Khatra P.S. মহাশয়কে প্রেরন করিয়া তদন্ত পূর্বক দোষী ব্যক্তিদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহন করিবার নির্দেশ দেওয়ার বিহিত আদেশ দানে হুজুরের মর্জি হয়।

## সত্যপাঠ

অত্র দরখাস্তের বিবরন সকল জ্ঞান ও বিশ্বাস মতে সত্য। কোনো কথা গোপন বা মিথ্যা কথিত হয় নাই। আমি বুঝিয়া শুনিয়া অদ্য আদালত মোকামে অত্র সত্যপাঠে নাম স্বাক্ষর/টিপ সই করিলাম।

ইতি

বিনীতা

গীতা সেন।